দৈনিক ইনকিলাব ১৫০

তারিখ ... 01 DEC 1991

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# ক্যাম্পাসে সশস্ত্র দু'গ্রুপের গুলী বিনিময় ॥ তীব্র আতঙ্ক

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

মুজিববাদী ছাত্র লীগের সশস্ত্র দু'গ্রুপের গোলাগুলীর মধ্যদিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতির আরো অবনতি ঘটেছে। গতকাল সন্ধ্যায় এস এম হল ও হল সংলগ্ন এলাকায় সংঘটিত এ সংঘর্ষে কমপক্ষে ১৫ রাউণ্ড গুলী বর্ষিত হয়। তবে কেউ হতাহত হয়নি। এ সন্ত্রাসী ঘটনার সময় এস এম হলের আবাসিক ছাত্রদের মধ্যে তীব্র আতংকের সৃষ্টি হয়। একটি সূত্রে জানা গেছে, ছাত্র লীগের বিবদমান এ দুটো সশস্ত্র গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে রেষারেষি চলছিল এবং গতকাল তা সংঘর্ষে রূপ নেয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিকেল ৫টার সময় এস এম হল এবং হল সংলগ্ন এলাকায় দু'পক্ষের মধ্যে গোলাগুলী শুরু হয়। এক পক্ষ এস এম হলের গেট থেকে এবং অপরপক্ষ হলের

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## ক্যাম্পাস

প্রথম পৃষ্ঠার পর

পূর্বদিকের এলাকা থেকে পরস্পররের দিকে গুলী বর্ষণ করে। সংঘর্ষে দু'পক্ষের মধ্যে কমপক্ষে ১৫ রাউণ্ড গুলী বিনিময় হয়। এক পর্যায়ে এক পক্ষ এস এম হল এলাকা ত্যাগ করে।

এ সন্ত্রাসী ঘটনার সময় এস এম হলের আবাসিক ছাত্রদের মধ্যে তীব্র আতংকের সৃষ্টি হয়। ভয়ে কেউ কেউ মেঝেতে শুয়ে পড়েন বলে জানা গেছে। অনেককে নিরাপদ আশ্রয়ের জন্য ছোটাছুটি করতে দেখা গেছে। গোলাগুলী থেমে যাবার পরও ছাত্রদের আতংক কাটেনি এবং তাদের মধ্যে চরম নিরাপত্তাহীনতা বিরাজ করছে। সন্ধ্যার পরও হল গেটের আলো নিভিয়ে একদল সশস্ত্র তরুণকে সতর্ক অবস্থায় বসে থাকতে দেখা গেছে।